

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) ফ্যাকালটেটিভ লেগুনের ড্রয়িং।
- (৫) কাজের ক্যালকুলেশন।
- (৬) কচুরিপানা ক্লিনিং কাজের প্রাক্কলন।
- (৭) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Cleaning of water hyacinth from facultative lagoon A-3 under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৭ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে ১৭টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে সরবরাহ/প্রেরণ করে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে সর্বশেষ ধাপে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ঢাকা শহরের প্রধান ৪টি ট্রাঙ্ক মেইন পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন অর্থাৎ মডস্ জোন-১, ২, ৩, ৫, ৬ এর আওতাধীন ১৭ টি সচল পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় ইলেকট্রোমেকানিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্বচ্ছভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে স্থাপিত পয়ঃ উত্তোলন কেন্দ্র হতে পয়ঃ নেটওয়ার্কের মাধ্যমে পয়ঃসমূহ প্লান্টের ইনলেট চেম্বারে জমা হয়। যা পরবর্তিতে লিফট পাম্পের মাধ্যমে পাম্পিং করে গ্রিড চেম্বারের মাধ্যমে ডিস্ট্রিবিউশন চেম্বার হয়ে ৪টি সেডিমেন্টেশন ট্যাংক(ট্যাংক -১, ২, ৩ ও ৪) যায়। উক্ত সেডিমেন্টেশন ট্যাংকে পয়ঃসমূহ ৬০-৭০ % পরিশোধিত হয়ে পরবর্তি ধাপে অর্থাৎ মেজারিং ডিস্ট্রিবিউশন চেম্বারে যায়। উক্ত ডিস্ট্রিবিউশন চেম্বারের মাধ্যমে পয়ঃসমূহ দুটি ভাগ হয়ে ফ্যাকালটেটিভ লেগুন "এ" ও "বি" তে যায়। ফ্যাকালটেটিভ লেগুনে পয়ঃ পরিশোধনের জন্য রিটেনশন টাইম হচ্ছে ৭ দিন। উক্ত সময়ে ফ্যাকালটেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করা হচ্ছে। তাই ফ্যাকালটেটিভ লেগুনে সার্বক্ষণিক সূর্যের আলো থাকা অত্যাবশ্যকীয়। সেই কারণে প্লান্টের ট্রিটমেন্ট প্রসেস স্বাভাবিক রাখার লক্ষ্যে ফ্যাকালটেটিভ লেগুন "এ-৩" এর কচুরিপানাসহ অন্যান্য যে সকল আগাছা জন্মায় তা ক্লিনিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaning of water hyacinth from facultative lagoon A-3 under PSTP." শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৫,৮৮৪.৫০৮(চার লক্ষ পচানব্বই হাজার আটশত চুরাশি দশমিক পাঁচ শূন্য আট) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৬৩; প্যাকেজ নং-W39 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১)(খ) ধারা অনুসরণে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম, ই-জিপি) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Cleaning of water hyacinth from facultative lagoon A-3 under PSTP." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬৩(১)(খ) ধারা অনুসারে সীমিত দরপত্র পদ্ধতি(এলটিএম ই-জিপি) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন ৪,৯৫,৮৮৪.৫০৮(চার লক্ষ পচানব্বই হাজার আটশত চুরাশি দশমিক পাঁচ শূণ্য আট) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "পানি ও পয়ঃ শোধনাগার(ও এন্ড এম)" (কোড ০১-০৪-০১১) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।



২১/০৭/২৫
সম্প্রতি মিয়া
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২১.০৭.২০২৫
মোঃ সাইফুল ইসলাম
উপ-বিভাগীয় প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২১/০৭/২৫
সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


২১/০৭/২৫
সি.এ. (সি.এ.সি.)


২১.০৭.২০২৫
মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


২১/০৭/২৫
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।